The Bangladesh Monitor - A Premier Travel Publication

# পার্বত্য ৩জেলায় অবরোধ, হুমকির মুখে পর্যটন খাত

- A Monitor Desk Report Date: 29 September, 2025



**পার্বত্য চট্টগ্রামের তিন জেলাতেই অনির্দিষ্টকালের জন্য অবরোধের ডাক দেওয়া হয়েছে, যা ওই অঞ্চলের পর্যটন শিল্পকে মারাত্মকভাবে হুমকির মুখে ফেলেছে।**

রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের জনপ্রিয় পর্যটন স্পটগুলোতে ইতোমধ্যেই পর্যটকদের আনাগোনা কমে এসেছে। হোটেল-মোটেল ও ট্যুর অপারেটররা জানাচ্ছেন, বুকিং বাতিলের হার আশঙ্কাজনক হারে বাড়ছে।

অবরোধ কর্মসূচির কারণে যান চলাচল ও নিরাপত্তা পরিস্থিতি অনিশ্চিত হয়ে পড়েছে, ফলে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত পর্যটকদের অনেকেই ভ্রমণসূচি বাতিল করছেন।

স্থানীয় পর্যটন ব্যবসায়ীরা বলছেন, সেপ্টেম্বর-অক্টোবর মাসে সাধারণত পর্যটনের ভরা মৌসুম থাকে। এই সময়ে অবরোধ চলতে থাকলে বিপুল আর্থিক ক্ষতির মুখে পড়বে পুরো খাতটি।

রাঙ্গামাটি হোটেল মালিক সমিতির সভাপতি মঈন উদ্দিন বলেন, 'পর্যটকরা এখন পার্বত্য তিন জেলাতেই ভ্রমণে আতঙ্ক ও নিরাপত্তাহীনতায় ভুগছেন।'

বান্দরবান শহরের হিল সাইড রিসোর্টের ব্যবস্থাপক রয়েল বম বলেন, পর্যটকের অভাবে ব্যবসা ঝিমিয়ে পড়েছে।

খাগড়াছড়ি পর্যটন মোটেলের ব্যবস্থাপক উত্তম কুমার মজুমদার বলেন, খাগড়াছড়িতে ২৫টি হোটেল ও রিসোর্ট রয়েছে। এখানে সাজেক পর্যটনও জড়িত। প্রতিদিন খাগড়াছড়ি থেকে ২৫ থেকে ৩০টি গাড়ি সাজেকে যায় যা অনির্দিষ্ট অবরোধ কর্মসূচির জন্য বন্ধ রয়েছে।

স্থানীয় প্রশাসন জানিয়েছে, পরিস্থিতি শান্ত রাখতে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। তবে পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত না হওয়া পর্যন্ত ভ্রমণ

এড়িয়ে চলার পরামর্শ দিচ্ছেন সংশ্লিষ্টরা।